

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

নং-৪৫.১৪১.০১৬.০০.০০.০০৮.২০১৫-১৭৪


তারিখঃ ২৬.০৭.২০১৭ খ্রিঃ।

বিষয়: মন্ত্রণালয় ও বিভাগসমূহের ২০১৬-২০১৭ অর্থ বছরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রণয়ন।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৩২১.১৬.০১৫.১৭.৩০৮, তারিখঃ ০৭ জুন ২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২০১৬-২০১৭ অর্থ বছরের বার্ষিক কর্মকান্ডের কার্যাবলি এতদসঙ্গে সংযুক্ত করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হ'ল। একই সাথে প্রতিবেদনের সফট কপিও প্রেরণ করা হ'ল।

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক।


(মো: কাঃ ফরুঃ রহমান)
উপসচিব

ফোনঃ ৯৫৪০৩৬২

ই-মেইল-monitor@mohfw.gov.bd

মন্ত্রিপরিষদ সচিব

মন্ত্রিপরিষদ বিভাগ

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[দৃঃ আঃ জনাব মুহাম্মদ আসাদুল হক, সিনিয়র সহকারী সচিব (রিপোর্ট) শাখা।]

জ্ঞাতার্থেঃ

০১. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

০২. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হ'ল)।

০৩. অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

বার্ষিক কর্মকালের প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম : স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

আওতাধীন অধিদপ্তর/সংস্থার সংখ্যা : ৭টি
 প্রতিবেদনাধীন বছর : ২০১৬-১৭ অর্থ বছর
 প্রতিবেদন প্রস্তুতির তারিখ : ২৩.০৭.২০১৭

(১) প্রশাসনিক

১.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ	বছরভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ	মন্তব্য*
১	২	৩	৪	৫	৬
(ক) স্বাস্থ্য সেবা বিভাগ	৩২৪	১৫২	১৭২	-	স্বাস্থ্য সেবা বিভাগের অনুমোদিত পদ।
(খ) স্বাস্থ্য অধিদপ্তর	১০১৫৭২	৭৬১৯৭	২৫৩৭৫	২৩৪১৫	২০১৬-২০১৭ অর্থ বছরে নতুন পদ সৃষ্টির কারণে অনুমোদিত পদ সংখ্যা বৃদ্ধি পেয়েছে।
(গ) ঔষধ প্রশাসন অধিদপ্তর	৩৭০	২৮৩	৮৭	১০১	-
(ঘ) স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি)	৬১৯	৪৩৩	১৮৬	১৯৫	-
(ঙ) নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর	৩২২৬৬	২৮৩৫৪	৩৯১২	১৫৯০৫	২০১৫-২০১৬ অর্থ বছরের জুলাই ২০১৬-১৭ অর্থ বছরে নতুন ১০০০০টি সিনিয়র স্টাফ নার্সের পদ সৃষ্টির উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে কিছু সংখ্যক পদ স্থানান্তরিত হওয়ায় অনুমোদিত পদ সংখ্যা বৃদ্ধি পেয়েছে।
(চ) ন্যাশনাল ইলেকট্রো-মেডিকেল ইকুইপমেন্ট মেইনটেন্যান্স ওয়ার্কশপ এন্ড ট্রেনিং সেন্টার (নিমিউ এন্ড টিসি)	৯৫	৬৬	২৯	১০	-
(ছ) যানবাহন ও যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ সংস্থা (টেমো)	৭৫	৫০	২৫	-	-
(জ) স্বাস্থ্য অর্থনীতি ইউনিট	২৯	২৩	০৬	১৪	-
মোট=	১,৩৫,৩৫০	১,০৫,৫৫৮	২৯,৭৯২	৩৯,৬৪০	

* অনুমোদিত পদের হ্রাস/বৃদ্ধির কারণ মন্তব্য কলামে উল্লেখ করতে হবে।

১.২ শূন্যপদের বিন্যাস

অতিরিক্ত সচিব/তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
১	২	৩	৪	৫	৬	৭
০	১৫	৪,৪৩৪	৩,৯৮৫	১৩,৩৮২	৭,৯৭৬	২৯,৭৯২

১.৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ (অতিরিক্ত সচিব/সমপদ মর্যাদাসম্পন্ন/সংস্থা-প্রধান/তদূর্ধ্ব) শূন্য থাকলে তার তালিকা: নেই।

স্বাস্থ্য
সচিব

মোঃ কুৎসুম রহমান
উপসচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১.৪ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা:

- আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মতামতের আলোকে স্বাস্থ্য অধিদপ্তরের নিয়োগবিধি 'The Bangladesh health Services (Non-Medical officers and Employees recruitment) Rules, 1985' অকার্যকর হওয়ায় বর্তমানে উক্ত নিয়োগবিধির আওতাভুক্ত স্বাস্থ্য অধিদপ্তরাধীন প্রতিষ্ঠান/হাসপাতালে রাজস্বখাতভুক্ত পদে সরাসরি জনবল নিয়োগ কার্যক্রম বন্ধ রয়েছে। অপরূপ অন্যন্য অধিদপ্তর এবং সংস্থাসমূহে কার্যক্রম চলমান রয়েছে।

১.৫ অন্যান্য পদের তথ্য

প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের সংখ্যা	প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরের জন্য প্রক্রিয়াধীন পদের সংখ্যা
১	২
-	১২

* কোন সংলগ্নী ব্যবহার করার প্রয়োজন নেই।

১.৬ নিয়োগ/পদোন্নতি প্রদান

প্রতিবেদনাধীন বছরে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
১	২	৩	৪	৫	৬	৭
১২৫৫	০৪	১২৫৯	১০০৫৫	৫৯	১০১১৪	

১.৭ ভ্রমণ/পরিদর্শন (দেশে)

ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা)	মন্ত্রী/উপদেষ্টা	প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/স্পেশাল এ্যাসিস্টেন্ট	সচিব	মন্তব্য
১	২	৩	৪	৫
উন্নয়ন প্রকল্প পরিদর্শন	৪৫ দিন	১২ দিন	-	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ	০২ দিন	০৪ দিন	-	

১.৮ ভ্রমণ/পরিদর্শন (বিদেশে)

ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা) *	মন্ত্রী/উপদেষ্টা	প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/স্পেশাল এ্যাসিস্টেন্ট	সচিব	মন্তব্য
১	২	৩	৪	৫
বিদেশে	৫১ দিন	৫০ দিন	১১ দিন	

* কতদিন বিদেশে ভ্রমণ করেছেন সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে।

১.৯ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ ব্যয়/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

(২) অডিট আপত্তি

২.১ অডিট আপত্তি সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত)

(টাকার অঙ্ক কোটি টাকায় প্রদান করতে হবে)

ক্রমিক	মন্ত্রণালয়/বিভাগসমূহের নাম	অডিট আপত্তি		বডশিটে জবাবের সংখ্যা	নিষ্পত্তিকৃত অডিট আপত্তি		অনিষ্পন্ন অডিট আপত্তি			
		সংখ্যা	টাকার পরিমাণ (কোটি টাকায়)		সংখ্যা	টাকার পরিমাণ (কোটি টাকায়)	সংখ্যা	টাকার পরিমাণ (কোটি টাকায়)		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	
১	স্বাস্থ্য সেবা বিভাগ	৫১০	৫৩৮.৬৫	৮১৪	২০৪	২৬২.৭৩	৩০০		২৭৫.৯২	

২.২ অডিট রিপোর্টে গুরুত্ব/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সেসব কেসসমূহের তালিকা : সিডি ভ্যাট বাবদ ৪১১.৯৪ লক্ষ টাকা (সিএমএসডি)-তে ১৯৯৭-৯৮ অর্থ বছরে আত্মসাৎ করা হয়েছে। এ বিষয়ে দুর্নীতি দমন ব্যুরোতে

মোঃ কাদের মাহান
উপসচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাভাৱী বাংলাদেশ সরকার

২০০২ সালে মামলা হয়েছে এবং বিষয়টি বর্তমানে দুর্নীতি দমন কমিশনে প্রক্রিয়াধীন আছে (সিএমএসডি, স্বাস্থ্য অধিদপ্তর)। এছাড়া ৩১ ডিসেম্বর ২০১৬ মাসে স্বাস্থ্য অধিদপ্তরে ৪৯৫৪৩.৮৫ লক্ষ টাকা ৬৭১১টি অডিট আপত্তি উত্থাপিত হয়েছে। ১৩-১৪ অর্থ বছরে ১০টি ওপির হিসাব নিরীক্ষায় প্রশিক্ষণ কার্যক্রমে অনিয়ম ও দুর্নীতি সংক্রান্ত ২০ কোটি টাকার আপত্তির বিষয়ে মন্ত্রণালয়ে গত ০৯.০৬.২০১৫ তারিখে একটি তদন্ত কমিটি গঠন করা হয় এবং তদন্ত কার্যক্রম চলমান রয়েছে।

(৩) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

প্রতিবেদনাধীন অর্থ-বছরে (২০১৬-১৭) মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পঞ্জিত মোট বিভাগীয় মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন বছরে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা				অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা
	চাকুরিচুক্তি/ বরখাস্ত	অব্যাহতি	অন্যান্য দন্ড	মোট	
১	২	৩	৪	৫	৬
৩৫৪	৩৯	৪৮	৫৭	১৪৪	২১০

(৪) সরকার কর্তৃক/সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলা (০১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত)

সরকারি সম্পত্তি/স্বার্থ রক্ষার্থে মন্ত্রণালয়/বিভাগ/আওতাধীন সংস্থাসমূহ কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা	মন্ত্রণালয়/বিভাগ-এর বিরুদ্ধে দায়েরকৃত রিট মামলার সংখ্যা	উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলার সংখ্যা	দায়েরকৃত মোট মামলার সংখ্যা	নিষ্পত্তিকৃত মোট মামলার সংখ্যা
১	২	৩	৪	৫
৪০	১৭২	-	২১১	১৬

(৫) মানবসম্পদ উন্নয়ন

৫.১ দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ (০১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত)

প্রশিক্ষণ কর্মসূচির মোট সংখ্যা	মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা
১	২
৬০০	২১৯২৯

৫.২ মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক প্রতিবেদনাধীন অর্থ-বছরে (২০১৬-১৭) কোন ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: প্রযোজ্য নয়।

৫.৩ প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: প্রযোজ্য নয়।

৫.৪ মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি-না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি-না?

- অন্-দ্য-জব ট্রেনিং এর ব্যবস্থা আছে। অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা নেই।

৫.৫ প্রতিবেদনাধীন অর্থ-বছরে (০১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত) প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা : ৭৩২ জন কর্মকর্তা প্রশিক্ষণের জন্য বিদেশ গমন করেছেন।

(৬) সেমিনার/ওয়ার্কশপ সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত)

দেশের অভ্যন্তরে সেমিনার/ওয়ার্কশপের সংখ্যা	সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণকারীদের সংখ্যা
১	২
৫৪	১১০৩

মোঃ কুশলুর রহমান
উপসচিব (সিনিয়র)
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

(৭) তথ্যপ্রযুক্তি ও কম্পিউটার স্থাপন (০১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত)

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে কম্পিউটারের মোট সংখ্যা	মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে ইন্টারনেট সুবিধা আছে কি না	মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে ল্যান (LAN) সুবিধা আছে কি না	মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে ওয়ান (WAN) সুবিধা আছে কি না	মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহে কম্পিউটার প্রশিক্ষিত জনবলের সংখ্যা	
				কর্মকর্তা	কর্মচারি
১	২	৩	৪	৫	৬
২৩৪	আছে	আছে	নেই	৯৭০	৯১৩

(৮) সরকারি প্রতিষ্ঠানসমূহের আয়ের লভ্যাংশ/মুনাফা/আদায়কৃত রাজস্ব থেকে সরকারি কোষাগারে জমার পরিমাণ
(অর্থ বিভাগের জন্য)

(টাকার অঙ্ক কোটি টাকায় প্রদান করতে হবে)

১	২০১৬-১৭		২০১৫-১৬		হাস(-)/বৃদ্ধির (+) হার	
	লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন	লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন	লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন
রাজস্ব আয়						
ট্যাক্স রেভিনিউ	-	-	-	-	-	-
নন-ট্যাক্স রেভিনিউ	২৫৬.৬৩	২৪০.৩৩ (জুন/২০১৭ পর্যন্ত অর্থাৎ সর্বশেষ তথ্য আইবাসে জেনারেট না হওয়ায় পূর্ণ তথ্য পাওয়া যায়নি)।	২২৮.০১	২০৮.৪২ (জুন/২০১৬ পর্যন্ত অর্থাৎ সর্বশেষ তথ্য আইবাসে জেনারেট না হওয়ায় পূর্ণ তথ্য পাওয়া যায়নি)।	১০০% ২০১৫-২০১৬	১২৪.৮৫% ২০১৫-২০১৬
উদ্বৃত্ত (ব্যবসায়িক আয় থেকে)	-	-	-	-	-	-
লভ্যাংশ হিসাবে (ইডিসিএল)	-	-	-	-	-	-

(৯) প্রতিবেদনাধীন অর্থ-বছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলি/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা-সঙ্কট

৯.১ প্রতিবেদনাধীন অর্থ-বছরে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন করে থাকলে তার তালিকা

- ঔষধ নীতি ২০১৬ গত ২৩শে মার্চ ২০১৭ গেজেটে জারি করা হয়।
- 'স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল (কর্মকর্তা-কর্মচারী) নিয়োগবিধি, ২০১৭ এর খসড়া অনুমোদনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিয়োগবিধি পরীক্ষণ সংক্রান্ত উপকমিটির নিকট ১৪.০৬.২০১৭ তারিখে প্রেরণ করা হয়েছে। 'স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল (কর্মকর্তা-কর্মচারী) নিয়োগবিধি, ২০১৭' এর কার্যক্রম দ্রুত সম্পাদনের কার্যক্রম চলমান রয়েছে।
- 'ঔষধ আইন, ২০১৬' এর বিষয়ে বিভিন্ন মন্ত্রণালয় এবং স্টেকহোল্ডারদের মতামত পাওয়া গেলেও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মতামত পাওয়া যায়নি। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মতামত পাওয়া গেলে সচিব মহোদয়ের সভাপতিত্বে আন্তঃ মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হবে।
- "মানসিক স্বাস্থ্য আইন, ২০১৭" এর খসড়ার উপর মন্ত্রিসভার নীতিগত অনুমোদন গ্রহণের লক্ষ্যে সার-সংক্ষেপসহ খসড়া আইন গত ০৯-০৪-২০১৭ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগ বরাবর প্রেরণ করা হলে গত ০২.০৫.২০১৭ তারিখে মানসিক স্বাস্থ্য আদালত প্রতিষ্ঠা ও মানসিক স্বাস্থ্য ইউনিট গঠনের বিষয়ে যথাক্রমে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অর্থ বিভাগের মতামতসহ পুনরায় সারসংক্ষেপ প্রেরণের জন্য পরামর্শ প্রদান করা হলে গত ১৬.০৫.২০১৭ তারিখে বর্ণিত তিনটি মন্ত্রণালয় বরাবর মতামত প্রদানের জন্য পত্র প্রেরণ করা হলে মতামত পাওয়া যায়। বর্তমানে কার্যক্রম চলমান আছে।
- মহামান্য হাইকোর্টের নির্দেশনার আলোকে 'সড়ক দুর্ঘটনায় আহত ব্যক্তিগণের জরুরী স্বাস্থ্য সেবা প্রদান সংক্রান্ত নীতিমালা, ২০১৭' এর খসড়া প্রণয়ন করা হয়েছে। খসড়াটির বিষয়ে মতামত গ্রহণের (Stakeholder Consultation) লক্ষ্যে শিল্পই সভা অনুষ্ঠিত হবে।

২৫/৭/১৭


মোঃ শফিকুল হুসমান
উপসচিব

স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

- 'রেডক্রিসেন্ট সোসাইটি আইন, ২০১৭' এর চূড়ান্ত খসড়া প্রণয়নের নিমিত্ত অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে ১৯৭৩ থেকে ১৯৭৯ এবং ১৯৮২ সাল হতে ১৯৮৬ সাল পর্যন্ত সময়ের মধ্যে জারীকৃত কতিপয় অধ্যাদেশ কার্যক্রমকরণ (বিশেষ বিধান) আইন, ২০১৩ এর আওতায় সংরক্ষণ করা হয়েছিল কি-না তা আইন মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট দপ্তরসমূহ হতে বিস্তারিত তথ্যসহ প্রতিবেদন দিতে বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটিকে অনুরোধ জানানো হয়। রেডক্রিসেন্ট সোসাইটি হতে চাহিত প্রতিবেদন পাওয়া গিয়েছে, আইন সংশোধনের কার্যক্রম প্রক্রিয়াধীন।
- 'মানবদেহে অঙ্গ প্রত্যঙ্গ সংযোজন (সংশোধন) আইন, ২০১৬ (খসড়া) এর উপর মন্ত্রিসভার বৈঠকে চূড়ান্ত অনুমোদন গ্রহণের লক্ষ্যে ১০/০৭/২০১৭ তারিখে আইনটি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হলে গত ১৭.০৭.২০১৭ তারিখে মন্ত্রিসভা বৈঠকে অনুমোদন করা হয়।
- বেসরকারি পর্যায়ে মানসম্মত চিকিৎসা সেবা নিশ্চিতকরণ ও নিয়ন্ত্রণের লক্ষ্যে "The Medical Practice and Private Clinics and Laboratories (Regulation) Ordinance, 1982" হালনাগাদ করে 'চিকিৎসা সেবা আইন' এর খসড়া প্রণয়ন করা হয়েছে। শীঘ্রই আন্তঃমন্ত্রণালয় সভা আহবান করা হবে।
- 'রোগী সুরক্ষা আইন-২০১৬' ও 'স্বাস্থ্য সেবা দানকারী ব্যক্তি ও প্রতিষ্ঠান সুরক্ষা আইন-২০১৬' এর খসড়ার বিষয়সমূহ "চিকিৎসা সেবা আইন" এর খসড়ায় অন্তর্ভুক্ত করা হয়েছে।


৯.২ প্রতিবেদনাধীন অর্থ-বছরে সম্পাদিত গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি

- ১ জুলাই ২০১৬ হতে ৩০ জুন ২০১৭ পর্যন্ত বিসিএস স্বাস্থ্য ক্যাডারের সহকারী অধ্যাপক পদে ৪৯৯ জন, সহযোগী অধ্যাপক পদে ১ জন ও অধ্যাপক পদে ১২৫ জন কর্মকর্তাকে পদোন্নতি প্রদান করা হয়েছে। সহকারী পরিচালক পদে ১৬৬ জন কর্মকর্তাকে পদোন্নতি প্রদান করা হয়েছে। এছাড়া বিভিন্ন বিষয়ভিত্তিক পদে সিনিয়র কনসালটেন্ট হিসেবে ৩২৭ জন কর্মকর্তাকে পদোন্নতি প্রদান এবং ৩৫ তম বিসিএস এর মাধ্যমে ৪৪০ জন স্বাস্থ্য ক্যাডারের সহকারী সার্জন ও সহকারী ডেন্টাল সার্জন পদে নিয়োগ প্রদান করা হয়েছে।
- বিশেষ বিসিএস পরিষ্কার মাধ্যমে বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের ১০,০০০ চিকিৎসক (৯, ৫০০ সহকারী সার্জন/মেডিকেল অফিসার এবং ৫০০ সহকারী ডেন্টাল সার্জন) নিয়োগ প্রদানের প্রস্তাব মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদন লাভ করেছে। দুই পর্বে এ নিয়োগ সম্পন্ন করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। প্রথম পর্বে ০৫ (পাঁচ) হাজার চিকিৎসক নিয়োগের জন্য ইতোমধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে অধিযাচন পত্র প্রেরণ করা হয়েছে।
- আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মতামতের আলোকে স্বাস্থ্য অধিদপ্তরের নিয়োগবিধি 'The Bangladesh Health Services (Non-Medical Officers and Employees Recruitment) Rules, 1985' অকার্যকর হওয়ায় বর্তমানে উক্ত নিয়োগবিধির আওতাভুক্ত স্বাস্থ্য অধিদপ্তরাধীন প্রতিষ্ঠান/হাসপাতালে রাজস্বখাতভুক্ত পদে সরাসরি জনবল নিয়োগ কার্যক্রম বন্ধ রয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের জন্য স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৬ এর খসড়া প্রণয়ন করে গত ০৬.১১.২০১৬ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়। উক্ত নিয়োগবিধির সঙ্গে নবসৃজিত বিভিন্ন পদ এবং স্বাস্থ্য অধিদপ্তরের অন্যান্য প্রতিষ্ঠানের আরও কয়েকটি নিয়োগবিধি সংযোজন করা হয়েছে। এ নিয়োগবিধি প্রণয়ন সময় সাপেক্ষ হওয়ায় নতুনভাবে স্বাস্থ্য অধিদপ্তরাধীন নিয়োগবিধি 'The Bangladesh Health Services (Non-Medical Officers and Employees Recruitment) Rules, 1985'-কে আংশিক সংশোধন ও পরিমার্জন করে বাংলায় প্রণীত 'স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল (কর্মকর্তা-কর্মচারী) নিয়োগবিধি, ২০১৭ এর খসড়া অনুমোদনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিয়োগবিধি পরীক্ষণ সংক্রান্ত উপকমিটির নিকট ১৪.০৬.২০১৭ তারিখে প্রেরণ করা হয়েছে। 'স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল (কর্মকর্তা-কর্মচারী) নিয়োগবিধি, ২০১৭' এর কার্যক্রম দ্রুত সম্পাদনের বিষয়টি চলমান রয়েছে।
- ২০১৬-১৭ অর্থ বছরে স্বাস্থ্য অধিদপ্তরাধীন বিভিন্ন মেডিকেল কলেজ/হাসপাতাল/প্রতিষ্ঠানের ১১ হতে ২০ গ্রেড পর্যন্ত ১০১১ টি আউট সোর্সিং পদে জনবল নিয়োগের প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়েছে।
- স্বাস্থ্য অধিদপ্তরাধীন স্বাস্থ্য শিক্ষা ব্যুরোতে ৯ম গ্রেডভুক্ত একজন কর্মকর্তা (গবেষণা কর্মকর্তা) ০১.০৬.২০১৭ তারিখে নিয়োগ দেয়া হয়েছে। ৯ম গ্রেডভুক্ত গবেষণা কর্মকর্তা এবং ৭ জন ৭ম গ্রেডভুক্ত কর্মকর্তার (সিনিয়র স্বাস্থ্য শিক্ষা


 মোঃ রাশেদুল করিম
 উপসচিব
 স্বাস্থ্য সেবা বিভাগ
 স্বাস্থ্য পরিবার কল্যাণ মন্ত্রণালয়
 গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 Cabinet Division/Annual Report & Letter/2016-2017

অফিসার) পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট পাওয়ার পর নিয়োগপত্র ইস্যু করা হবে। এছাড়াও ২০ জন ৭ম গ্রেডভুক্ত সিনিয়র স্বাস্থ্য শিক্ষা অফিসার পদে জনবল নিয়োগের বিষয়টি বাংলাদেশ সরকারি কর্ম কমিশনে চলমান রয়েছে।

- স্বাস্থ্য সেবা বিভাগের লাইব্রেরি শাখায় মন্ত্রণালয়/বিভাগ এবং অধীনস্থ অধিদপ্তর, পরিদপ্তর এর প্রকাশিত বই, HPNSDP, Bangladesh Code, Dictionary, ADP, PPR, SDG, PRSP চাকুরির বিধি-বিধান, আইন-কানুন, রুলস-রেগুলেশন্স, প্রশাসনিক, অফিস ব্যবস্থাপনা, বাংলাদেশ গেজেটসহ অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্যাবলী এবং তিনটি বিদেশী ম্যাগাজিন ও সাতটি দৈনিক পত্রিকা রাখা হয়। ২০১৬-২০১৭ অর্থ বৎসরে উল্লেখযোগ্য সংখ্যক নতুন বই ক্রয় করা হয়েছে। এছাড়া গ্রন্থাগার সংরক্ষণ, সংগঠন, ব্যবস্থাপনা, ও পরিচালনায় গ্রন্থাগারের বই, সাময়িকী ও বিভিন্ন প্রকাশনার চাহিদা নির্ধারণ প্রস্তাব প্রণয়ন ও সংগ্রহের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া স্বাস্থ্য ও পরিবার কল্যাণ খাতের সঙ্গে সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ের সরকারী প্রকাশনা, পুস্তক, প্রতিবেদন ও সাময়িকী সংগ্রহ ও সংরক্ষণ সংক্রান্ত কার্যক্রম গ্রন্থ তালিকা প্রণয়ন ও হালনাগাদকরণ। মন্ত্রণালয়ের কার্যক্রম সংশ্লিষ্ট দেশি ও বিদেশী তথ্য/রিপোর্ট সংগ্রহ গ্রন্থপঞ্জি ও নির্ধারিত তৈরীকরণ। কম্পিউটারের মাধ্যমে লাইব্রেরির তথ্য সংগ্রহ ও পাঠকদের চাহিদা মোতাবেক দ্রুত তথ্য বিতরণের ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে।
- ০৯টি মডিউল বিশিষ্ট Webbased Supply Chain Management Portal (SCMP) তৈরী করা হয়েছে। SCMP এর মাধ্যমে অপারেশন প্ল্যানের প্রকিউরমেন্ট প্ল্যান অনলাইনে মন্ত্রণালয়ে দাখিল করা হয়। বিভিন্ন প্যাকেজের হালনাগাদ অবস্থা সম্পর্কে তথ্য পাওয়া যায়।
- ৫০, ২৫০ এবং ৫০০ শয্যা বিশিষ্ট হাসপাতালের জন্য Standard List of Equipent তৈরী করা হয়েছে।
- স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন জাতীয় যক্ষা নিয়ন্ত্রণ ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান, চাঁনখারপুল এর জায়গা হতে অবৈধ দখলদারকে উচ্ছেদ করে 'শেখ হাসিনা ন্যাশনাল ইনস্টিটিউট অব বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি' স্থাপনের কার্যক্রম শুরু করা হয়েছে।
- বঙ্গমাতা শেখ ফজিলাতুন-নেছা মুজিব জাতীয় গবেষণা কেন্দ্র নির্মাণের জন্য ০৩ (তিন) একর জমি বিএমআরসির অনুকূলে বরাদ্দ প্রদান করা হয়েছে। পাবনা ডায়বেটিক সমিতির নিকট স্বাস্থ্য বিভাগের ০.২১০০ একর জমি বন্দোবস্ত প্রদান করা হয়েছে। সিরাজগঞ্জ জেলার কাজিপুর উপজেলাধীন মেঘাই মৌজায় স্বাস্থ্য বিভাগের মালিকানাধীন জমি হতে ৬.৯৭ একরের কাতে ৫.৫০ একর অধিগ্রহণকৃত জমি বাংলাদেশ পর্যটন কর্পোরেশন এর অনুকূলে বন্দোবস্ত প্রদানের জন্য অনাপত্তি প্রদান করা হয়েছে।
- স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তর/অধিশাখা/শাখার কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে নেটওয়ার্কিং কাজ সম্পন্ন করা হয়েছে।
- EGP সিস্টেম ব্যবহার করে সকল ক্রয় কার্যক্রম Online System এর আওতায় আনয়নের লক্ষ্যে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে CPTU এর আওতাধীন EGP সিস্টেম রেজিস্ট্রেশন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।
- "কুয়েত-বাংলাদেশ মৈত্রী হাসপাতালটি" বিজ্ঞ আদালতের রায়ে বেসরকারি ব্যবস্থাপনা হতে সরকারি ব্যবস্থাপনায় আসার পর প্রয়োজনীয় সংস্কার/মেরামত কার্য সম্পাদন করে বিগত ০১/০৬/২০১৬ তারিখ থেকে হাসপাতালটিতে বহিঃবিভাগ চিকিৎসা কার্যক্রম চালু করা হয়েছে। হাসপাতালটিতে অন্তঃবিভাগ চালুর কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।
- পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (PPP) এর আওতায় ন্যাশনাল ইনস্টিটিউট অব কিডনি ডিজিজেস এন্ড ইউরোলজী এবং চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে সম্পাদিত চুক্তির অধিনে ৯০ টি ডায়ালাইসিস মেশিনের মধ্যে ৪৫টি মেশিন ইতোমধ্যে স্থাপন করা হয়েছে।
- ২০১৭ সালে অনুষ্ঠেয় পবিত্র হজ্জে গমনেচ্ছু ১,২৭,২৯৮ জন হজ্জ যাত্রীর সুষ্ঠু স্বাস্থ্য ব্যবস্থাপনা নিশ্চিত করার জন্য মেডিকেল টিম গঠন করা হয়েছে; প্রতি হজ্জ যাত্রীর জন্য মেনিনজাইটিস ও ইনফ্লুয়েঞ্জা টিকা সরবরাহ নিশ্চিত করা হয়েছে।
- দুর্যোগ প্রস্তুতি ও দুর্যোগ পরবর্তী স্বাস্থ্য ব্যবস্থাপনা নিশ্চিত করার জন্য পর্যাপ্ত সংখ্যক স্ট্যান্ডিং মেডিকেল টিম ও ঔষধ পত্রের বাফার স্টক নিশ্চিত করা হয়েছে।


২০/৭/১৭
মোঃ নূরুল হোসেন
উপসচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

- ২০১৬-২০১৭ অর্থ বছরে অনুমোদিত বাজেটে সরবরাহ ও সেবা খাতে ৪৮৬৮ (চিকিৎসা ও শল্য চিকিৎসা সরঞ্জামাদি) কোডে ১৭০.০০/- (একশত সত্তর) কোটি টাকা বরাদ্দ রয়েছে। উক্ত অর্থ সারা দেশের স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানসমূহের অনুকূলে ছাড় করা হয়েছে। এছাড়া ২০১৬-২০১৭ অর্থ বছরে অনুমোদিত বাজেটে মেরামত ও সংরক্ষণ খাতের ৪৯১৬ (যন্ত্রপাতি ও সরঞ্জাম) কোডে ৩৫.০০/- (পঁয়ত্রিশ) কোটি টাকা বরাদ্দ রয়েছে। উক্ত অর্থ দেশের বিভিন্ন সরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানসমূহের অকেজো যন্ত্রপাতি মেরামতের লক্ষ্যে বরাদ্দ প্রদান করা হয়েছে।
- ২০১৬-১৭ অর্থ বছরে বাজেটে বিশেষ অনুদান খাতে ৫৯৬৫ কোডে বরাদ্দকৃত ৩,৫০,০০,০০০.০০ (তিন কোটি পঞ্চাশ লক্ষ) টাকা স্বাস্থ্য, পুষ্টি ও জনসংখ্যা কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট মোট ৫৩৩টি বেসরকারী স্বৈচ্ছাসেবী সংগঠন বরাবর ছাড় করা হয়েছে।

১. স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন স্বাস্থ্য অধিদপ্তরের উল্লেখযোগ্য কর্মকান্ড:

- মোবাইল ক্যাম্প, অতিরিক্ত কর্মী নিয়োগ, বিভিন্ন পর্যায়ের সুপারভিশন ইত্যাদির মাধ্যমে দ্রুত রোগ সনাক্তকরণ ও চিকিৎসাদান নিশ্চিত করা হয়েছে। বিনামূল্যে সরকারী স্বাস্থ্য কেন্দ্রে ডায়াগনস্টিক ও ঔষধ সরবরাহ নিশ্চিত করা হয়েছে। দীর্ঘ স্থায়ী কীটনাশক যুক্ত মশারি বিতরণ সম্পন্ন করা হয়েছে। ম্যালেরিয়ার ব্যাপক বৃদ্ধিরোধকল্পে ম্যালেরিয়া প্রবণ ১৩ জেলায় তাত্ত্বিক জরিপ পরিচালনা করা হয়েছে এবং কীটনাশক ছিটানো হয়েছে। ডাক্তার, নার্স ও স্বাস্থ্য কর্মীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- দেশের তিন পার্বত্য জেলায় প্রাধিকার ভিত্তিতে ম্যালেরিয়া নিয়ন্ত্রণে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ডাক্তার, নার্স, স্বাস্থ্য কর্মী, স্থানীয় বাসিন্দা ও জুম চাষীদের মধ্যে সচেতনতা বৃদ্ধি কার্যক্রম চলমান আছে। এছাড়া দেশের বিভিন্ন জেলায় ফাইলেরিয়া সনাক্তকরণ জরিপ কার্যক্রম পরিচালনা করা হয়েছে। ফাইলেরিয়া অধ্যুষিত জেলাগুলোতে গণঔষধ সেবন কার্যক্রম পরিচালনা করা হয়েছে।
- দেশব্যাপী প্রাথমিক বিদ্যালয়সমূহে ক্ষুদ্রে ডাক্তার কর্তৃক শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা করা হয়েছে। প্রাথমিক বিদ্যালয়ে ক্ষুদ্রে ডাক্তারদের মাধ্যমে কৃমি নিয়ন্ত্রণ সপ্তাহ উযাপন করা হয়েছে।
- জাতীয় পর্যায়ে স্বাস্থ্য প্রতিষ্ঠান ও হাসপাতাল থেকে শুরু করে কমিউনিটি ক্লিনিক এবং গ্রামীণ স্বাস্থ্য কর্মী পর্যন্ত উপজেলা পর্যায়ে কম্পিউটার, ল্যাপটপ ও ট্যাবলেটে এবং কম্পিউটার প্রদান এবং ইন্টারনেট সংযোগ স্থাপন করা হয়েছে। এর মাধ্যমে ১৩ হাজারের অধিক সকল চালু কমিউনিটি ক্লিনিকে ১টি করে কম্পিউটার এবং প্রায় ২৪ হাজার স্বাস্থ্য কর্মীদের টেবলেটসহ ইন্টারনেট সংযোগ দেওয়া হয়েছে। এসব সুবিধার ফলে সকল প্রতিষ্ঠান থেকে এবং ফিল্ড লেভেল থেকে অনলাইন ডাটাবেইজে হালনাগাদ তথ্য-উপাত্ত সংগ্রহ এবং স্বয়ংক্রিয় প্রতিবেদন তৈরি, টেলিমেডিসিন সেবা প্রদান, ভিডিও কনফারেন্সিং, স্বাস্থ্য শিক্ষা প্রদান ও ই-লার্নিংসহ তথ্য প্রযুক্তি সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম সম্পাদন করা যাচ্ছে।
- অনলাইন ডাটাবেইজে হালনাগাদ তথ্য-উপাত্ত সংগ্রহের জন্য সকল উপজেলা হাসপাতালে এবং জেলা হাসপাতালে লোকাল এরিয়া নেটওয়ার্ক স্থাপন করা হয়েছে।
- স্বাস্থ্য বাতায়ন নামে ২৪/৭ একটি হেলথ কল সেন্টার চালু করা হয়েছে। এর নম্বর ১৬২৬৩। মোটামুটি স্বাভাবিক কল রেটে এর মাধ্যমে চিকিৎসকের তাৎক্ষণিক পরামর্শ ও বিভিন্ন স্বাস্থ্য তথ্য প্রদান করা হয় এবং সরকারি-বেসরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান সম্পর্কে অভিযোগ গ্রহণ এবং প্রতিকার করা হয়। এছাড়াও ৬৪ জেলা হাসপাতাল ও ৪২১টি উপজেলা হাসপাতালে মোবাইল ফোনের মাধ্যমে ২৪ ঘণ্টা/ সপ্তাহের ৭ (সাত) দিন বিনা মূল্যে চিকিৎসা পরামর্শ প্রদানের কার্যক্রম চালু করা হয়েছে। টেলিনেরের সাথে যৌথ সহযোগিতামূলক স্বাস্থ্যসেবার কর্মসূচি চালু করা হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের এমআইএস শাখায় সমন্বয় কেন্দ্রসহ (১টি) ৮৪ টি হাসপাতালে উন্নতমানের টেলিমেডিসিন কার্যক্রম চালু করা হয়েছে।
- সকল বিভাগীয় ও জেলা স্বাস্থ্য ব্যবস্থাপকের কার্যালয়গুলোতে সফটওয়্যারভিত্তিক ভিডিও কনফারেন্সিং সিস্টেম চালু করা হয়েছে এবং এসএমএস-ভিত্তিক চমৎকার ও উদ্ভাবনামূলক অভিযোগ/পরামর্শ জানানোর ব্যবস্থা প্রবর্তন করা হয়েছে। প্রতিদিন ওয়েব সাইটের মাধ্যমে অভিযোগগুলো দেখা হয় এবং সমাধান দেয়া হয়।
- হেলথ সিস্টেম স্ট্রেন্গেনিং (এইচএসএস) নামে একটি কর্মসূচি চালু করা হয়েছে। যার মাধ্যমে প্রতিটি প্রতিষ্ঠানের সকল কর্মকান্ডের দক্ষতা যাচাই করা হয়। প্রতি বছর এবিষয়ে হেলথ মিনিস্টারস পুরস্কার প্রদান করা হচ্ছে।

২০১৬/১৭

মোঃ মুহাম্মদ রহমান
উপসচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Cabinet Division/Annual Report & Letter/2016-2017

- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং স্বাস্থ্য অধিদপ্তরসহ সকল জেলা ও উপজেলা হাসপাতাল এবং ৪টি বিশেষায়িত হাসপাতাল মিলিয়ে মোট ৪৬৩টি প্রতিষ্ঠানে আংগুলের ছাপ সনাক্তকারী রিমোট ইলেক্ট্রনিক্স অফিস Attendance System চালু করা হয়েছে।
- সরকারি-বেসরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠান ও হাসপাতালের ইলেক্ট্রনিক তথ্য ভান্ডার, দেশ-ভিত্তিক স্বাস্থ্য মানবসম্পদ তথ্য ভান্ডার, জিও-লোকেশন তথ্য ভান্ডার, হাসপাতাল অটোমেশনের জন্য ওপেন এমআরএস সফটওয়্যার চালু, জনস্বাস্থ্য বিষয়ক তথ্য-উপাত্ত সংগ্রহের জন্য ডিএইচআইএস ২ (DHIS2) সফটওয়্যার ব্যবহার করে বিশ্বের সর্ববৃহৎ স্বাস্থ্য তথ্য নেটওয়ার্ক তৈরি করা হয়েছে।
- জাতিসংঘের কোইয়া (COIA) নামক একটি উদ্যোগের আওতায় বিশ্ব স্বাস্থ্য সংস্থার আর্থিক সহায়তায় সরকারী-বেসরকারী, এনজিও-দাতা সংস্থার সমন্বিত অংশগ্রহণে অনলাইনে প্রতিটি কমিউনিটির প্রসুতি মা ও অনূর্ধ্ব ৫ শিশুদের নিবন্ধন ও ট্র্যাকিং করার পদ্ধতি চালু করা হয়েছে যা এসডিজি অগ্রগতি পরিমাপ ও উন্নয়নে ব্যাপকভাবে সহায়তা করবে।
- ইউএসএআইডি এবং ডি.নেট নামক একটি স্থানীয় সংস্থার সহায়তায় আপনজন নামে মা ও শিশু স্বাস্থ্য উন্নয়নমূলক মোবাইল ভয়েস ও এসএমএস ভিত্তিক পরামর্শ সেবা কার্যক্রম চালু আছে।
- স্বাস্থ্য অধিদপ্তরের এমআইএস বিভাগে সর্বাধুনিক ডাটা সেন্টার স্থাপন করা হয়েছে এবং খুলনায় এর একটি রিমোট ডিজেন্সার রিকভারি সেন্টার স্থাপন করা হয়েছে। দেশের প্রতিটি নাগরিকের স্বাস্থ্য উপাত্ত ভিত্তিক একটি ইলেক্ট্রনিক তথ্য ভান্ডার গড়ে তোলার জন্য গ্রাম পর্যায়ে বসবাসকারী সকল নাগরিকের তথ্য সম্বলিত ডাটাবেজ তৈরির কাজ সম্পন্ন হয়েছে। এখন এই ডাটাবেজ ভিত্তিক লাইফ টাইম শেয়ার পোর্টেবল সিটিজেনস ইলেক্ট্রনিক হেলথ রেকর্ড তৈরির কাজ চলছে। সিভিল রেজিস্ট্রেশন এ্যান্ড ভাইটাল Statistics নামে একটি আন্তর্জাতিক উদ্যোগের আওতায় বর্তমানে জন্ম-মৃত্যু নিবন্ধন, ইলেকশন কমিশন ভোটার ডাটাবেজ, স্বাস্থ্য ডাটাবেজ এবং নির্মীয়মান দারিদ্র ডাটাবেজসমূহ সমন্বিত করে আংগুলের ছাপ ও রেটিনার ছবিযুক্ত ন্যাশনাল ইলেক্ট্রনিক পপুলেশন রেজিস্টার তৈরির কাজ চলছে।
- স্বাস্থ্য ক্যাডারের সকল কর্মকর্তাদের বার্ষিক গোপনীয় তথ্য ডিজিটাল করা হয়েছে। এর মাধ্যমে পদোন্নতির সময় মন্ত্রণালয়কর্তৃক কর্মকর্তাদের এসিআর অন লাইনে দেখা সম্ভব হচ্ছে। এছাড়াও স্বাস্থ্য ক্যাডারের সকল কর্মকর্তাদের ব্যক্তিগত ফাইল ডিজিটালে রূপান্তর করা হয়েছে এবং সেগুলো হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্টে ব্যবহার হচ্ছে।
- জাতীয় ই-হেলথ পলিসি এবং ই-হেলথ স্ট্রাটেজি তৈরির কাজ দ্রুত গতিতে এগিয়ে চলেছে। আমাদের বিভিন্ন ই-হেলথ কার্যক্রমের স্বীকৃতিস্বরূপ জাতিসংঘ কর্তৃক ২০১১ সালে মাননীয় প্রধানমন্ত্রীকে ডিজিটাল হেলথ ফর ডিজিটাল ডেভেলপমেন্ট শীর্ষক সাউথ-সাউথ পুরস্কার প্রদান করা হয়। এছাড়া আরও বেশ কয়েকটি জাতীয় ও আন্তর্জাতিক পুরস্কার পেয়েছে আমাদের কার্যক্রমসমূহ। এসব কার্যক্রমে বাংলাদেশ সরকার, বিশ্ব স্বাস্থ্য সংস্থা, ইউনিসেফ, জিআইজেড, ইউএসএইড, আইসিডিডিআর,বি, ডিএফআইডি, বিশ্বব্যাংক, এমএসএইচ, ইউএন-এসকাফ, ইউএনএফপিএ, জনস হপকিনস বিশ্ববিদ্যালয়, জাইকা, প্লান ইন্টারন্যাশনাল, সেভ দি চিলড্রেন, ব্রাক প্রভৃতি সংস্থা সহযোগিতা করেছে।
- বাংলাদেশে নির্ধারিত ৭ টি পয়েন্ট অব এন্ট্রি সমূহে যথাক্রমে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, মংলা সমুদ্র বন্দর ও শার্শা স্থলবন্দরে দ্রুত রোগ সনাক্ত করনের জন্য থার্মাল স্ক্যানার বসানো হয়েছে।
- দেশের বিভিন্ন উপজেলায়/জেলায় ডাক্তার, নার্স ও অন্যান্য প্যারামেডিক্সদের আই এইচ আর ও ইমারজিং রি-ইমারজিং এর উপর প্রশিক্ষণ দেয়া হয়েছে।
- নিপাহু, মার্স করোনা ভাইরাস ও ডেঙ্গু, চিকুনগুনিয়া রোগ সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষে ৬৪টি জেলার জেলা স্বাস্থ্যশিক্ষা কর্মকর্তাগণের ওরিয়েন্টেশন সভা আয়োজন করা হয়েছে।
- ঢাকা মহানগরে চিকুনগুনিয়া রোগের প্রাদুর্ভাবের পরিপ্রেক্ষিতে ঢাকা সিটি কর্পোরেশন (দক্ষিণ) প্রতিটি জোনে এবং ঢাকা (উত্তর) সিটি কর্পোরেশনের ২ টি জোনে ৯ টি ওয়ার্ডে ডাক্তার, প্যারামেডিক্স, কাউন্সিলর, মসজিদের ইমাম, গন্যমান্য ব্যক্তিকে নিয়ে সচেতনতা মূলক অবহিতকরণ সভা করা হয়েছে। চিকুনগুনিয়ার উপর ন্যাশনাল ক্লিনিক্যাল ম্যানেজমেন্ট গাইড লাইন প্রস্তুত করা হয়েছে। ঢাকা শহরের ৬২ টি মেডিকেল কলেজ ও প্রতিষ্ঠানের ১০,০০০

২০১৬

মোঃ শুফর রহমান
উপসচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য অধিদপ্তর
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য অধিদপ্তর

মেডিকেল শিক্ষার্থীদের নিয়ে চিকুনগুনিয়ার উপর সামাজিক আন্দোলন ও সচেতনতা মূলক কার্যক্রম গ্রহন করা হয়েছে।

- ডিএসএফ কার্যক্রমভুক্ত ৫৩ উপজেলায় জুলাই'২০১৬ থেকে জুন'২০১৭ পর্যন্ত ৮৯,৬১৮ জন দরিদ্র গর্ভবতী মহিলাকে ভাউচার প্রদান করা হয়েছে। ডিএসএফ কার্যক্রমভুক্ত ৫৩ উপজেলায় জুলাই'২০১৬ থেকে জুন'২০১৭ পর্যন্ত ৮৪,৪৩৯ জন গর্ভবতী মহিলাকে ANC-1 সেবা প্রদান করা হয়েছে, ৭১,৫২৫ জন গর্ভবতী মহিলাকে ANC-2 সেবা প্রদান করা হয়েছে, ৬০,৩৩২ জন গর্ভবতী মহিলাকে ANC-3 সেবা প্রদান করা হয়েছে, ৬৩,৬১৭ জন মহিলাকে ডেলিভারী করানো হয়েছে এবং ৫৯,৪১২ জন মহিলাকে PNC সেবা প্রদান করা হয়েছে।
- ইওসি প্রশিক্ষণঃ অবস্ ও গাইনী বিষয়ে ২৪ জন এবং এ্যানেসথেসিয়া বিষয়ে ২০ জন সহ মোট ৪৪ চিকিৎসক বিভিন্ন মেডিকেল কলেজ ও হাসপাতালে ৬ মাস ব্যাপী ইওসি কোর্সে প্রশিক্ষণ সমাপ্ত করে বিভিন্ন উপজেলায় কর্মরত আছে।


২. স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন ঔষধ প্রশাসন অধিদপ্তরের উল্লেখযোগ্য কার্যক্রম হল:

- প্রতিবেদনাধীন অর্থ বছরে (২০১৬ ও ২০১৭) ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক ৩৩৭টি খুচরা ও পাইকারী নতুন ড্রাগ লাইসেন্স প্রদান করা হয়েছে। ৩৭২৬৫টি খুচরা ও পাইকারী ড্রাগ লাইসেন্স নবায়ন করা হয়েছে, ৫২৬৬টি নতুন ড্রাগ টেস্টিং ল্যাবে (ডিটিএল ও সিডিটিএল) টেস্টের জন্য প্রেরণ করা হয়েছে, ৬৬০০ টি টেস্ট রিপোর্ট ড্রাগ টেস্টিং ল্যাব (ডিটিএল ও সিডিটিএল) হতে প্রেরণ করা হয়েছে। এছাড়াও ১০০টি উৎপাদনকারী প্রতিষ্ঠানে ঔষধ উৎপাদন লাইসেন্স নবায়ন করা হয়েছে, ১০৪টি ঔষধের ও ৪৮৯টি মেডিকেল ডিভাইসের রেজিস্ট্রেশন প্রদান করা হয়েছে। উক্ত অর্থ বছরে ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক ড্রাগ কোর্টে ২০টি, ম্যাজিস্ট্রেট কোর্টে ৬৯টি এবং মোবাইল কোর্টে ২০০২টি মামলা দায়ের করা হয়েছে এবং মোবাইল কোর্ট কর্তৃক জরিমানা আদায় করা হয়েছে ৪,২৫, ৬০,১০০/- টাকা। এছাড়া ৫৮১০৬টি ঔষধের দোকান, ১২৯৯টি ঔষধ প্রস্তুতকারী কারখানা পরিদর্শন করা হয়েছে। এছাড়াও ঔষধ রপ্তানির নিমিত্তে ৪৩২৪টি CPP, ৫২৪টি DSC, ১২৫৬টি Form-10 ইস্যু করা হয়েছে।

৩. স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তরের উল্লেখযোগ্য কার্যক্রম হল:

- ২০১৬ সালে ৯৫৯৮ জন রেজিস্টার্ড নার্স নিয়োগ দেওয়া হয়েছে।
- নার্সিং ও মিডওয়াইফারী সেক্টরকে শক্তিশালীকরণের ক্ষেত্রে নার্সিং ডাইরেক্টরেট-কে নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তরে উন্নীত করা হয়েছে।
- মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক ও পরিচালকসহ ১৭ টি গুরুত্বপূর্ণ পদ সৃষ্টি করা হয়েছে।
- বিদ্যমান ৪৩টি সরকারী নার্সিং ইনস্টিটিউটের আসন সংখ্যা ১৫৮০ হতে বৃদ্ধি করে ২৫৮০ করা হয়েছে।
- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স -৪২১ টি, ইউনিয়ন সাব-সেন্টারের - ১৩১২ টির জন্য সেবা পরিদপ্তরের আওতায় ৩০০০ পদ হইতে ২০১৪-২০১৫ অর্থ বছর থেকে ০৫ অর্থ বছরে সৃজনযোগ্য মোট ২৯৯৬টি (দুই হাজার নয়শত ছিয়ানব্বই) মিডওয়াইফ পদের মধ্যে ৩টি অর্থ বছরের জন্য উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স/ ইউনিয়ন সাব-সেন্টারের বিভাজন অনুযায়ী বছর বছর সংরক্ষনের ভিত্তিতে ৬০০ টি করে মোট ১৮০০ (এক হাজার আট শত) টি, পদসৃজন করা হয়েছে।
- ২০১৬ খ্রিঃ /১৪৩৭ হিজরী সনের হজ্জ মৌসুমে সৌদি আরবে অসুস্থ বাংলাদেশী হজ্জ যাত্রীদের চিকিৎসা সেবা প্রদানের জন্য নার্স / ব্রাদার মোট ৫১ জন (১ম ব্যাচ), ৫১ জন (২য় ব্যাচ) সৌদি আরবে যাওয়ার ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, (হজ্জ শাখা) বাংলাদেশ সচিবালয়, ঢাকা সম্মতি জ্ঞাপন করেছেন।
- ২০ তলা বিশিষ্ট নার্সিং ও মিডওয়াইফারী ভবন নির্মাণ কাজ চলমান।

৪. স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন নিমিউ এন্ড টিসি কর্তৃক ৩,৬৪৯ (তিন হাজার ছয়শত উনপঞ্চাশ)টি মেডিকেল যন্ত্রপাতি মেরামত করা হয়েছে।


২০/৭/১৭
মোঃ নূরুল হোসেন
উপসচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৫. বিভিন্ন দিবস উদযাপন সম্পর্কিত তথ্যাদি:

- গত ৭ এপ্রিল ২০১৭ তারিখে বিশ্বস্বাস্থ্য দিবস উদযাপন করা হয়। সারাদেশে এ বিষয়ে র্যালি, আলোচনা অনুষ্ঠানসহ বিভিন্ন উদ্ধৃদ্ধকরণ কার্যক্রম গ্রহণ করা হয়।
- ২৪-৩০ এপ্রিল World Immunization Week, 2017 উদযাপন করা হয়।
- ২৫ এপ্রিল বিশ্ব ম্যালেরিয়া দিবস যথাযথ কর্মসূচি নিয়ে প্রতিপালিত হয়। বাংলাদেশের ১৩টি ম্যালেরিয়া প্রবণ এলাকায় সচেতনাতা মূলক ও প্রতিরোধমূলক বিশেষ কার্যক্রম গ্রহণ করা হয়।
- গত ৩১.০৫.২০১৭ তারিখে বিশ্ব তামাকমুক্ত দিবস উদযাপন করা হয়। এ দিবস পালন উপলক্ষে ওসমানী স্মৃতি মিলনায়তনে মাননীয় মন্ত্রী প্রধান অতিথির ভাষণ দেন। এছাড়া সারাদেশে র্যালি, আলোচনা সভা ও বিবিধ প্রচারণামূলক কর্মসূচি গ্রহণ করা হয়।

৯.৩ ২০১৬-১৭ অর্থ-বছরে মন্ত্রণালয়ের কার্যাবলি সম্পাদনে বড় রকমের কোন সমস্যা/সঙ্কটের আশঙ্কা করা হলে তার বিবরণ (সাধারণ/রুটিন প্রকৃতির সমস্যা/সঙ্কট উল্লেখের প্রয়োজন নেই; উদাহরণ: পদ সৃজন, শূন্যপদ পূরণ ইত্যাদি):
প্রযোজ্য নয়।

(১০) মন্ত্রণালয়ের উদ্দেশ্য সাধন সংক্রান্ত:

- ১০.১ ২০১৬-২০১৭ অর্থ-বৎসরের কার্যাবলির মাধ্যমে মন্ত্রণালয়ের আরক্ত উদ্দেশ্যাবলি সন্তোষজনকভাবে সাধিত হয়েছে কি?
- উদ্দেশ্যাবলি সন্তোষজনকভাবে সাধিত হয়েছে।
- ১০.২ উদ্দেশ্যাবলি সাধিত না হয়ে থাকলে তার কারণসমূহ: প্রযোজ্য নয়।
- ১০.৩ মন্ত্রণালয়ের আরক্ত উদ্দেশ্যাবলি আরও দক্ষতা ও সাফল্যের সঙ্গে সাধন করার লক্ষ্যে যে সব ব্যবস্থা/পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে, সে সম্পর্কে মন্ত্রণালয়ের সুপারিশ:
- ক) কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের কর্মসম্পাদন ব্যবস্থাপনায় অধিকতর জবাবদিহিতা সৃষ্টি;
- খ) তথ্য প্রযুক্তির মাধ্যমে ই-গভর্নেন্স চালুকরণ;
- গ) মন্ত্রণালয় কর্তৃক স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার সকল কর্মকর্তাকে সম্পৃক্তকরণ ও উদ্ধৃদ্ধকরণ;
- ঘ) মন্ত্রণালয়ের কর্মপরিধি ব্যাপক হওয়ায় নতুন অনুবিভাগ সৃষ্টি ও অধিক সংখ্যক কর্মকর্তার পদায়ন;
- ঙ) মন্ত্রণালয়ে স্বাস্থ্য ব্যবস্থাপনা বিষয়ে Thematic Study Circle গঠন এবং মন্ত্রণালয়, দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ে Motivation Leader এর মাধ্যমে কর্মে উদ্ধৃদ্ধকরণ;
- চ) গবেষণালব্ধ ফলাফল এবং মাঠ পর্যায়ের ব্যবহারিক অভিজ্ঞতা নীতি প্রণয়নে যথাযথভাবে সমন্বয় সাধন।

(১৫) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত (বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের জন্য)

১৫.১ উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত)

প্রতিবেদনাধীন বছরে মোট প্রকল্পের সংখ্যা	প্রতিবেদনাধীন বছরে এডিপিতে মোট বরাদ্দ (কোটি টাকায়)	প্রতিবেদনাধীন বছরে বরাদ্দের বিপরীতে ব্যয়ের পরিমাণ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	প্রতিবেদনাধীন বছরে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার সংখ্যা
১	২	৩	৪
২	৮৭০.০৬	৭৯৫.৬০০৯	০৬

১৫.২ প্রকল্পের অবস্থা (০১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত)

শুরু করা নতুন প্রকল্পের সংখ্যা	প্রতিবেদনাধীন বছরে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন বছরে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন বছরে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো
১	২	৩	৪
৯৮	পরিশিষ্ট-খ	পরিশিষ্ট-গ	-

মোঃ মঞ্জুরুল হক
উপসচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য অধিদপ্তর, বাংলাদেশ সরকার

(২০) স্বাস্থ্য-সংক্রান্ত তথ্য (স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের জন্য)

২০.১ মেডিকেল কলেজসহ বিভিন্ন চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রী ভর্তি সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত):

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ সম্পর্কিত।

প্রতিষ্ঠানের ধরন	প্রতিষ্ঠানের সংখ্যা			ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর সংখ্যা			অধ্যয়নরত ছাত্র-ছাত্রীর সংখ্যা	
	সরকারি	বেসরকারি	মোট	সরকারি	বেসরকারি	মোট	মোট ছাত্র	মোট ছাত্রী
১	-	-	-	-	-	-	-	-
মেডিকেল কলেজ	-	-	-	-	-	-	-	-
ডেন্টাল কলেজ/ইউনিট	-	-	-	-	-	-	-	-
নার্সিং ইনস্টিটিউট	-	-	-	-	-	-	-	-
নার্সিং কলেজ	-	-	-	-	-	-	-	-
মেডিকেল এ্যাসিস্টেন্ট ট্রেনিং স্কুল	-	-	-	-	-	-	-	-
ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি	-	-	-	-	-	-	-	-

২০.২ স্বাস্থ্য-সংক্রান্ত: স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ সম্পর্কিত

জন্ম-হার (প্রতি হাজারে)	মৃত্যু-হার (প্রতি হাজারে)	জনসংখ্যা বৃদ্ধি হার (শতকরা)	নবজাতক (Infant) মৃত্যু-হার (প্রতি হাজারে)	৫ (পাঁচ) বছর বয়স পর্যন্ত শিশু মৃত্যু-হার (প্রতি হাজারে)	মাতৃ মৃত্যু-হার (প্রতি হাজারে)	পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণের শতকরা হার (সক্ষম দম্পতি)	গড় জায়ু (বছর)		
							পুরুষ	মহিলা	মোট
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
-	-	-	-	-	-	-	-	-	-

২০.৩ স্বাস্থ্য রক্ষায় ব্যয় ও অবকাঠামো সংক্রান্ত (০১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত)

মাথাপিছু স্বাস্থ্য ব্যয় (টাকায়)	সারাদেশে হাসপাতালের সংখ্যা			সারাদেশে হাসপাতাল বেডের মোট সংখ্যা			সারাদেশে রেজিস্টার্ড ডাক্তার, নার্স, প্যারামেডিকস-এর সংখ্যা			সারাদেশে রেজিস্টার্ড ডাক্তার, নার্স, প্যারামেডিকস-এর বিপরীতে জনসংখ্যা		
	সরকারি	বেসরকারি	মোট	সরকারি	বেসরকারি	মোট	ডাক্তার	নার্স	প্যারামেডিকস	ডাক্তার	নার্স	প্যারামেডিকস
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০			৮
২৫৪২ টাকা। (US\$ 31)	৬১০	৪৫৯৬	৫২০৬	৪৮৯৩৪	৭৮৪২৬	১২৭৩৬০	৮৭২৩৭	৪১৬৯৭	১১৯৭৬	১:১৮৯ ৩	১:৩৯৬০	১:১৩৭৮৭

(২৩) সামাজিক নিরাপত্তা কর্মসূচি (সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ পূরণ করবে)


মন্ত্রণালয়/বিভাগ	ক্রমিক	সামাজিক নিরাপত্তা কর্মসূচির ধরন	প্রতিবেদনাধীন বছর (২০১৬-১৭)		পূর্ববর্তী বছর (২০১৫-১৬)	
			সুবিধাভোগী ব্যক্তি/পরিবার/প্রতিষ্ঠানের সংখ্যা	আর্থিক সংশ্লেষ (লক্ষ টাকায়)	সুবিধাভোগী ব্যক্তি/পরিবার/প্রতিষ্ঠানের সংখ্যা	আর্থিক সংশ্লেষ (লক্ষ টাকায়)
১	২	৩	৪	৫	৬	৭
স্বাস্থ্য সেবা বিভাগ	০১	DSF Maternal Health Voucher Scheme	৮৯৬১৮	২৪২৭.৯৪	১০৭০৮২	৩৬৪৫.৮৫
	০২	Demand side Financing program under cataract surgery for Poor & Marginalized population	৫০০	১৫.০০	৪০০	১২


মোঃ মুহাম্মদ হুমায়ুন
উপসচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সংসদ ভবন, বাংলাদেশ সরকার

৮৯৬১৮ লক্ষ টাকায় নেমে এসেছে।

২৪.২ মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন যে সব (বাণিজ্যিক ভিত্তিতে পরিচালিত) প্রতিষ্ঠান ২০১৬-১৭ অর্থ-বছরে লাভ করেছে তাদের নাম ও লাভের পরিমাণ

প্রতিষ্ঠানের নাম	লাভের পরিমাণ
১	২
এসেনসিয়াল ড্রাগস্ কোম্পানী লিঃ	আনুমানিক ১৩.০০ কোটি টাকা (অনিরীক্ষিত)


(মো: সিরাজুল হক খান)
সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়


মোঃ সিরাজুল হক
উপসচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার